# The Bangladesh Today

## Volker Turk expresses his gratitude to DU VC

DHAKA: The United Nations High Commissioner for Human Rights, Volker Turk, has expressed his gratitude and appreciation to Dhaka University's Vice-Chancellor, Professor Nayaz Ahmed Khan, for his support in successfully organizing a dialogue with students, including coordinators of the 2024 student movement that led a mass uprising to topple an authoritarian, corrupt, kleptocratic regime, reports UNB.

The information was confirmed by Dhaka University's Public Relations Office on Monday.

In a message of thanks, Turk stated, "It was an honor to speak and exchange views with students from various disciplines at such an important venue at Dhaka University. The participation of young students in the dialogue was inspiring. I noticed these young people are firmly committed to promoting democracy and human rights in the future of Bangladesh. I was especially encouraged to see many young women in leadership roles. I reaffirm the full commitment of my office to support progress in human rights during this historic transformation in Bangladesh."

Turk visited the Dhaka University campus on October 29, 2024, during his visit to Bangladesh. While there, he observed student graffiti and wall writings related to the July uprising. He later met with coordinators and students involved in the pre-uprising student movements at the Nabab Nawab Ali Chowdhury Senate Building, engaging in a question-and-answer session.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## যুগান্তর



রোকেয়া দিবস উপলক্ষ্যে তার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানাচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদসহ অন্যরা। সোমবার রোকেয়া হলে যুগান্তর

## The Country Today



On the occasion of Begum Rokeya Day, Dhaka University Vice Chancellor Prof Dr. Niaz Ahmed Khan placing wreaths at the portrait of Begum Rokeya at the Rokeya Hall premises on Monday. Treasurer Prof Dr. Mohammad Jahangir Alam Chowdhury and Rokeya Hall Provost Prof Dr. Hosne Ara Begum, along with the hall's resident teachers and students, were present. -Photo: DU Public Relations

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## দৈনিক বাংলা



বেগম রোকেয়া দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল সোমবার রোকেয়া হল প্রাঙ্গণে বেগম রোকেয়ার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী এবং রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. হোসনে আরা বেগমসহ হলের আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। ছবি : ঢাবি জনসংযোগ

## নয়া দিগন্ত



বেগম রোকেয়া দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল সোমবার রোকেয়া হল প্রাঙ্গণে বেগম রোকেয়ার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী এবং রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. হোসনে আরা বেগমসহ হলের আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। **বাসস**।

## The Country Today

# Applications invited from DU students for Japan's Sumitomo Corporation Scholarship

**DU Correspondent**

Japan's Sumitomo Corporation Asia & Oceania Private Ltd. will provide scholarships to 10 regular students of Dhaka University, says a press release.

Applications have been invited in the prescribed form from regular students admitted in the 1st year of the undergraduate program in the academic year 2021-2022 for this scholarship. Students who have passed the Higher Secondary/equivalent examination of 2021 can apply for the scholarship. Applicants must have obtained 4.80 GPA in S.S.C. and H.S.C. excluding the 4th subject.

Application forms can be collected from the Education-5 Branch (Room No. 212) of the Registrar's Office or from the **Continued to page 2**

### Applications invited from

notice published on the Dhaka University website (www.du.ac.bd). The application form should be duly filled in and submitted to the Education-5 Branch (Room No. 212) of the Registrar's Office, along with the signature and seal of the respective Departmental Chairman/Director of the Institute and the Hall Principal, by 09 January 2025.

This scholarship is renewable for the next three years, subject to good conduct, satisfactory progress in studies and regular studies.

## আলোকিত বাংলাদেশ

জাপানের সুমিতমো কর্পোরেশন বৃত্তি

# ঢাবি শিক্ষার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান

**আলোকিত ডেস্ক**

জাপানের সুমিতমো কর্পোরেশন এশিয়া এন্ড ওসিনিয়া প্রাইভেট লি. কর্তৃপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০জন নিয়মিত ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করবে। এই বৃত্তির জন্য আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে। ২০২১ সালের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা বৃত্তির জন্য আবেদন করতে পারবে। আবেদনকারীদের ৪র্থ বিষয় বাদে এস.এস.সি এবং এইচ.এস.সিতে ৪.৮০ জিপিএপ্রাপ্ত হতে হবে। আবেদন ফরম রেজিস্ট্রার দপ্তরের শিক্ষা-৫ শাখা (কক্ষ নং- ২১২) থেকে অথবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.du.ac.bd) প্রকাশিত বিজ্ঞপ্তি থেকে সংগ্রহ করা যাবে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালক এবং হল প্রাধ্যক্ষের স্বাক্ষর ও সীলমোহরসহ আগামী ০৯ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রার দপ্তরের শিক্ষা-৫ শাখায় (কক্ষ নং-২১২) জমা দিতে হবে। সদাচরণ, পড়াশোনায় সন্তোষজনক অগ্রগতি এবং নিয়মিত অধ্যয়ন সাপেক্ষে এই বৃত্তি পরবর্তী তিন বছর নবায়নযোগ্য।

**জনকণ্ঠ**

# ঢাবি আরবি বিভাগের নবীনবরণ, বিদায় সংবর্ধনা ও বৃত্তি প্রদান

**জনকণ্ঠ ডেস্ক ॥** ঢাকা বিশ্ববিদ্যালয় আরবি বিভাগের নবীনবরণ, বিদায় সংবর্ধনা এবং বৃত্তি প্রদান অনুষ্ঠান সোমবার আর.সি. মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। খবর আইএসপিআরের। প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বৈশ্বিক যোগাযোগের ক্ষেত্রে আরবি ভাষা শিক্ষার গুরুত্ব তুলে ধরে বলেন, বিশ্বের একটা বড় অংশের মানুষ এই ভাষায় কথা বলে। এই ভাষায় দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা বিভিন্ন দেশের সঙ্গে শিক্ষা ও গবেষণা, সাংস্কৃতিক, কূটনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক জোরদার করার ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে পারেন। তিনি বলেন, শিক্ষার্থীদের আবাসনসহ বিভিন্ন সংকট নিরসন এবং জীবনমান উন্নয়নে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকতার সঙ্গে কাজ করে যাচ্ছে। বিশ্ববিদ্যালয় থেকে মানবিকতা ও সৌহার্দ্যের শিক্ষা নিয়ে ভালো মানুষ হিসেবে গড়ে উঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশ ও সমাজের কল্যাণে তাদের কাজ করতে হবে।

# নয়া দিগন্ত

## ঢাবি আরবি বিভাগের নবীনবরণ বিদায় সংবর্ধনা ও বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) আরবি বিভাগের নবীনবরণ, বিদায় সংবর্ধনা এবং বৃত্তি প্রদান অনুষ্ঠান গতকাল সোমবার আর সি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ বিশেষ অতিথির বক্তব্য রাখেন।

অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বৈশ্বিক যোগাযোগের ক্ষেত্রে আরবি ভাষা ৪র্থ পৃ: ৫-এর কলামে



ঢাবির আরবি বিভাগের নবীনবরণ, বিদায় সংবর্ধনা এবং বৃত্তি প্রদান অনুষ্ঠান

## ঢাবি আরবি বিভাগের

৩য় পৃষ্ঠার পর

শিক্ষার গুরুত্ব তুলে ধরে বলেন, বিশ্বের একটা বড় অংশের মানুষ এই ভাষায় কথা বলে। এই ভাষায় দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা বিভিন্ন দেশের সাথে শিক্ষা ও গবেষণা, সাংস্কৃতিক, কূটনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক জোরদার করার ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে পারেন। তিনি বলেন, শিক্ষার্থীদের আবাসনসহ বিভিন্ন সঙ্কট নিরসন এবং জীবনমান উন্নয়নে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে। বিশ্ববিদ্যালয় থেকে মানবিকতা ও সৌহার্দ্যের শিক্ষা নিয়ে ভালো মানুষ হিসেবে গড়ে উঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশ ও সমাজের কল্যাণে তাদের কাজ করতে হবে।

উল্লেখ্য, অনুষ্ঠানে বিভাগের অধ্যাপক ড. আ জ ম কুতুবুল ইসলাম নোমানী বৃত্তি ফান্ড এবং খন্দকার মোহাম্মদ হাবিব উল্লাহ বৃত্তি ফান্ড থেকে বিভিন্ন শিক্ষাবর্ষের ২৩ জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়। বিজ্ঞপ্তি।

# খবরের কাগজ

## ঢাবিতে শুরু হলভিত্তিক মেডিকেল ক্যাম্প

নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে শুরু হয়েছে স্বাস্থ্যসেবাবিষয়ক বিশেষ ক্যাম্পেইন 'ডিইউ মেডিকস'। ক্যাম্পাস কেয়ার ইনিশিয়েটিভের উদ্যোগে এই ক্যাম্পেইনের কার্যক্রম গতকাল সোমবার মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল দিয়ে শুরু হয়েছে। পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ের সব হল এই ক্যাম্পেইনের আওতাভুক্ত হবে।

এই কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের শেখানো হচ্ছে ইসিজি, ইউরিন টেস্ট, ব্লাড সুগার, আলট্রাসনোগ্রামে অ্যাসিস্টেন্সি, ফিজিওথেরাপি, ব্লাড সুগার, ওজন উচ্চতা মেপে বিএমআই হিসাবসহ নানা রকমের প্যাথলজিক্যাল পরীক্ষা পদ্ধতি। প্রশিক্ষণে অংশগ্রহণ করছেন ১৬০ জন শিক্ষার্থী এবং ইতোমধ্যে স্বাস্থ্যসেবা নিয়েছেন প্রায় ১ হাজার ৬০০ শিক্ষার্থী।